কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 MAY 2026 ,TUESDAY | ২৬ মে ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-173


## ট্রান্সজেন্ডার সমাজের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ বৈঠকে নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ মে :** সোমবার বিকাশ ভবনে নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তরের আধিকারিকদের সাথে ট্রান্সজেন্ডার সমাজের সার্বিক উন্নয়ন ও কল্যাণমূলক উদ্যোগ নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন রাজ্যের নারী ও শিশু কল্যাণ দফতরের মাননীয় মন্ত্রী অগ্নিমিত্রা পাল । তৃণমূল সরকারের আমলে ট্রান্সজেন্ডার সমাজের কোন রকমের উন্নয়ন করা হয়নি। ট্রান্সজেন্ডার সমাজ যে সমাজের একটি অংশ ,সেটা তৃণমূল সরকার ভুলে গেছিল। তাদের কোনো সমস্যা ও এতদিন তৃণমূল সরকার শোনেনি। রাজ্যের পালাবদলের পর বিজেপি সরকার ট্রান্সজেন্ডার সমাজের উন্নয়ন এর বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে চলেছে বলায় বাহুল্য।

## স্বাস্থ্যকর্তাদের নিয়ে বৈঠক করল বিধায়ক ও বিডিও



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তাকে নিয়ে বৈঠক করলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন ,উপস্থিত ছিলেন বিজেপির বিভিন্ন নেতৃত্বরা। আলিপুরদুরয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এদিন বিধায়ক সমষ্টি উন্নয়ন আধিকারিক সন্দীপ ঘোষ এবং সমষ্টির স্বাস্থ্য আধিকারিক অর্পণ কুমার বিষয়ীকে নির্দেশ দেন ব্লকের স্বাস্থ্যপরিসেবা উন্নত করার জন্য কি কি করনীয় রয়েছে বিধায়কের পক্ষ থেকে তার পূর্ণাঙ্গ তালিকা চাওয়া হয়েছে দুজনের কাছ থেকেই। স্বাস্থ্য দপ্তরের বৈঠকে রীতিমতো ক্ষোভ প্রকাশ করেন বিজেপির কর্মী এবং নেতৃত্বরা যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালের পরিষেবা সহ চিকিৎসক দের নিয়ে। উল্লেখ্য আলীপুরদুয়ার দু'নম্বর ব্লকের স্বাস্থ্য পরিসেবা বেহাল চলছে দীর্ঘদিন যাবত। চিকিৎসক এবং রোগীদের সংঘাত অনবরত বাড়ছে চিকিৎসকদের উপর আস্থা হারাচ্ছে সাধারণ মানুষ হাসপাতালে পরিষেবা না পেয়ে রীতিমতো ক্ষোভ প্রকাশ করছেন রোগীরা হাসপাতালে গিয়ে। আউটডোর পরিষেবায় চিকিৎসকরা সঠিকভাবে পরিষেবা দিচ্ছেন না তাই নিয়োগ ক্ষোভ প্রকাশ করেছেন বিজেপির কর্মীরা স্বাস্থ্য দপ্তরের সভায় বসে। মুলতো আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকে স্বাস্থ্য পরিষেবা উন্নত করতে তেমন কিছু প্রস্তাব দিতে পারেননি স্বাস্থ্য আধিকারিক।

## বেলেঘাটা আইডি হাসপাতালে রোগী কল্যাণ সমিতির বৈঠকে ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ মে :** বেলেঘাটা আইডি হাসপাতালে রোগী কল্যাণ সমিতির বৈঠকে উপস্থিত ছিলেন বেহালা পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ ।১৫ বছর তৃণমূল সরকার এর আমলে রাজ্যের সরকারি হাসপাতাল গুলোর চিকিৎসা ব্যবস্থা তলানিতে চলেগেছিল। রাজ্যের পালা বদলের পর বিজেপি সরকার সরকারি হাসপাতাল গুলোর পরিকাঠামোর উন্নয়ন এর জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সোমবার বেলেঘাটা আইডি হাসপাতালে হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে রোগী কল্যাণ সমিতির গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বেহালা পশ্চিমের বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ।

## আবাস যোজনায় ঘর পাইয়ে দেবার নাম করে টাকা তোলার প্রতিবাদে কোচবিহারে বিক্ষোভ




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৫ মে :** কোচবিহার গুড়িয়াহাটি ২ নং পঞ্চায়েতের আবাস যোজনায় ঘর পাইয়ে দেবার নামে কাটমানি নেওয়ার অভিযোগকে কেন্দ্র করে এলাকাবাসী গ্রাম পঞ্চায়েত সমিতির কার্যালয়ের সামনে বিক্ষোভে ফেটে পড়েন । তাদের মূল দাবী ছিল আবাস যোজনায় নাম তুলে ঘর পাইয়ে দেবার প্রতিশ্রুতি দিয়ে বিভিন্ন জনের কাছ থেকে টাকা আদায় করা হয়েছে । এই টাকার পরিমাণ প্রত্যেকের থেকে প্রায় পনেরো থেকে কুড়ি হাজার। কিন্তু এখনও তাদের আবাস যোজনায় নাম নেই। সাধারণ মানুষের এই অভিযোগ মূলত অঞ্চলের পঞ্চায়েত প্রধান এবং পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে ছিল। তারা তাদের প্রদেয় অর্থ অবিলম্বে ফেরতের পাশাপাশি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছেন।

# ট্রেনে কাটা পড়ে মৃত্যু এক ব্যক্তির




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** ট্রেনে কাটা পড়ে মৃত্যু হল এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির ঘটনাটি ঘটেছে কামাখ্যাগুড়ি এবং শামুকতলা রোড রেল স্টেশনের মাঝ বরাবর চেপানি রায়ডাক ১ নম্বর ব্রীজ সংলগ্ন এলাকায়। এলাকার বাসিন্দারা পেপার একটি পুরুষের ক্ষতবিক্ষত দেহ করে রয়েছে রেল লাইনের মাঝে খবর দেওয়া হয় আরপিএফ কে তারা এসে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে যায় তবে তার পরিচয় জানা যায়নি এলাকার বাসিন্দারা জানিয়েছেন মনে হচ্ছে তিনি মানসিক ভারসাম্যহীন।

# শামুকতলায় উন্নত মানের হাসপাতাল তৈরির পরিকল্পনা বিধায়কের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসে প্রশাসনিক বৈঠক করলেন আলিপুরদুয়ার ২ ব্লকের বিভিন্ন আধিকারিকদের নিয়ে কুমারগ্রামে বিধায়ক মনোজ কুমার ওরাও। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত কর্মী সহ ব্লকের সমস্ত দপ্তরের কর্মীরা উপস্থিত ছিলেন বৈঠকে। ঢেলে সাজানো হবে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক এর সাতটি গ্রাম পঞ্চায়েত কে। প্রত্যেকটি দপ্তরের কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে ব্লকের কোন কোন প্রান্তে কি কি উন্নয়ন করতে হবে তার তালিকা তৈরি করার। তালিকা চাওয়া হয়েছে সমষ্টি উন্নয়ন আধিকারিক সন্দীপ ঘোষের কাছে। বিধায়ক মনোজ কুমার ওরাও স্পষ্ট ভাবে জানিয়ে দিয়েছেন কুমারগ্রাম বিধানসভার নাম বিধানসভার অধিবেশনে অনেকবার উঠেছে । এবার কুমারগ্রাম বিধানসভার নাম পশ্চিমবঙ্গের মানুষ এক ডাকে চিনবে। উন্নয়নে কোনরকম খামতি থাকবে না আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সাতটি গ্রাম পঞ্চায়েত সহ কুমারগ্রাম বিধানসভায়। বিধায়ক মনোজ কুমার ওরাও জানিয়েছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে কোটি টাকার টেন্ডার দুর্নীতি হয়েছে । কাজ না করেই বিল তুলে নেওয়া হয়েছে। চা সুন্দরী প্রকল্প নিয়ে দুর্নীতি হয়েছে। ব্লক অফিস থেকে সরকারি গাছ চুরি করে বিক্রি করা হয়েছে। তার সমস্ত দুর্নীতির রিপোর্ট চেয়েছেন তিনি সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে। সমষ্টি উন্নয়ন আধিকারিক জানিয়েছেন চা সুন্দরী নিয়ে দুর্নীতির অভিযোগ উঠার পরেই তৃতীয় কিস্তির টাকা আটকে দেওয়া হয়েছে। টেন্ডার দুর্নীতির জন্য ব্লক প্রশাসনের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং সেই কমিটি তদন্ত শুরু করে দিয়েছে। এদিন বিধায়ক স্বাস্থ্য দপ্তরের একটি বৈঠক করেন ব্লক অফিসে বৈঠক শেষে তিনি জানিয়েছেন স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজানো হবে আলিপুরদুয়ার ২ ব্লকে। শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র কে রাজ্য সাধারণ হাসপাতাল বানানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

# জন ভাগিদার শিবির পরিদর্শন করলেন বিডিও ও বিধায়ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দুই ব্লকের মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের বড় চৌকির বস প্রাইমারি স্কুলে আয়োজিত হচ্ছে জন ভাগিদার শিবির। এই শিবিরের মূল লক্ষ্য হল সবার থেকে দূরে যারা তারা সবার প্রথমে। এই শিবিরে বিভিন্ন সরকারি প্রকল্প সম্বন্ধে জনগণকে অবগত করানো হয়। এদিন এই শিবির পরিদর্শন করলেন কুমারগ্রাম বিধায়ক মনোজ কুমার ওরাঁও আলিপুরদুয়ার দুই ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক সন্দীপ ঘোষ মৎস্য দপ্তরের আধিকারিক বিপুল মজুমদার সহ ব্লকের অন্যান্য আধিকারিকগণ। শিবিরে আসা উপভোক্তাদের সঙ্গে কথা বলেন সমষ্টি উন্নয়ন আধিকারিক এবং বিধায়ক মনোজ কুমার ওরাও। শিবিরে উপস্থিত ছিলেন তৃণমূলের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান উজ্জ্বলা রায় বিধায়ক মনোজ কুমার ওরাও এবং সমষ্টি উন্নয়ন আধিকারিককে গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে তাদেরকে বরণ করে নেন ফুলের তোড়া হাতে দিয়ে। তৃণমূলের প্রধানের সঙ্গে বিধায়ক মনোজ কুমার ওরাও সৌজন্যমূলক কথাবার্তা বলেন। যদিও মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান জানিয়েছেন দলের চেয়ে বড় আগে জনগণের কাজ।

# মহিলা নেত্রী কে মারধর ,গ্রেফতার তৃণমূল নেতার জেল হেফাজতের নির্দেশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** এক বিজেপি মহিলা কর্মীকে মারধরের অভিযোগ ঘিরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে রবিবার রাতে আলিপুরদুয়ার জেলার কামাখ্যাগুড়িতে। অভিযোগ এক বিজেপি মহিলা কর্মী তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে ডিবিটি তথ্য সংযুক্ত করতে গিয়েছিলেন; সেই সময় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক সহ স্ত্রী ও মেয়ে যৌথভাবে ওই বিজেপি কর্মী—লক্ষ্মী বিশ্বাসকে—নির্মমভাবে মারধর করেন। এই হামলায় ওই বিজেপি কর্মী গুরুতর আহত হন এবং তাঁর বাম চোখ ও মাথায় আঘাত লাগে। তাঁকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখান থেকে চিকিৎসকরা তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করেন। ঘটনার পর ওই বিজেপি কর্মীর ছেলে কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িতে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশ সূত্রে নিশ্চিত করা হয়েছে যে, অভিযুক্ত তৃণমূল নেতা দুলাল দে-কে সেই রাতেই গ্রেপ্তার করা হয়েছে। সোমবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হয়েছে। আদালতে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন। আদালতে তিনি বলেন ডানপন্থী দল করায় তাকে ফাঁসিয়ে দেওয়া হয়েছে।

# গন্ডারের আক্রমণে মৃত্যু হাতির পাতাওয়ালার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মে :** মর্মান্তিক মৃত্যুর ঘটনা ঘটলো জলদাপাড়া জঙ্গলে। জলদাপাড়ার জঙ্গলে হাতির জন্য পাতা সংগ্রহ করতে গিয়ে গন্ডারের আক্রমণে হাতির পিঠ থেকে পড়ে মর্মান্তিক মৃত্যু হল এক পাতাওলার। ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে ফালাকাটা ও মাদারিহাট জুড়ে। মৃতের নাম প্রবীর দাস। তিনি ফালাকাটা ব্লকের খাউচাঁদপাড়া এলাকার বাসিন্দা ছিলেন।জানা গিয়েছে, প্রায় আট মাস ধরে জলদাপাড়া বনদপ্তরের অধীনে হাতির পাতাওয়ালার কাজ করছিলেন প্রবীর দাস। সোমবার বিকেল প্রায় তিনটে নাগাদ জলদাপাড়ার জঙ্গল থেকে হাতির জন্য পাতা সংগ্রহ করে ফেরার সময় আচমকাই একটি গন্ডার হাতির উপর আক্রমণ চালায়।বনদপ্তর সূত্রে খবর, সেদিন দুটি হাতিতে চেপে মোট চারজন মাহুত ও পাতাওয়ালা জঙ্গলে পাতা সংগ্রহ করতে গিয়েছিলেন। পাতা সংগ্রহ শেষে ফেরার পথে হাতির দলের মধ্যে অপেক্ষাকৃত ছোট হাতিটিকেই লক্ষ্য করে তেড়ে আসে গন্ডারটি। আচমকা আক্রমণে হাতিটি ভারসাম্য হারিয়ে ফেললে হাতির পিঠ থেকে নিচে ছিটকে পড়েন প্রবীর দাস।সঙ্গে থাকা সহকর্মী মাহুত ও পাতাওয়ালারা দ্রুত আহত প্রবীরকে উদ্ধার করে মাদারিহাট হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখানে কর্তব্যরত চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনায় আরও এক পাতাওলা সামান্য জখম হয়েছেন বলেও জানা গেছে।বনদপ্তর সূত্রে জানা যায়, প্রবীর দাস এর আগে ডি.এল.এ কর্মী হিসেবে কাজ করতেন। গত আট মাস ধরে তিনি জলদাপাড়ার হাতিদের জন্য পাতা সংগ্রহের দায়িত্বে ছিলেন।ঘটনাকে অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করে জলদাপাড়া বনদপ্তরের এক আধিকারিক জানান,"এটি অত্যন্ত মর্মান্তিক ও দুঃখজনক ঘটনা। আমরা গভীরভাবে শোকাহত। মৃতের পরিবারের পাশে বনদপ্তর রয়েছে।"বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, মৃত পাতাওয়ালার পরিবারকে বনদপ্তর সর্বাঙ্গীণভাবে সহযোগিতা করবে ।এদিকে, মাদারিহাটের বিধায়ক লক্ষণ লিম্বু ঘটনায় গভীর শোক প্রকাশ করে বলেন,"এটি অত্যন্ত দুঃখজনক ঘটনা। আমরা সবসময় মৃতের পরিবারের পাশে আছি।"মাদারিহাট হাসপাতালে মৃতদেহ পৌঁছতেই কান্নায় ভেঙে পড়েন পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনেরা। জলদাপাড়ার জঙ্গলে কর্মরত বনকর্মী ও পাতাওলাদের ঝুঁকিপূর্ণ জীবনের বাস্তবতা ফের সামনে এনে দিল এই মর্মান্তিক ঘটনা। এলাকাজুড়ে নেমে এসেছে গভীর শোকের আবহ।

# পাচারের পথে উদ্ধার ছটি মহিষ ,গ্রেপ্তার দুই




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৫ মে :** কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার পুলিশ সোমবার সকালে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে জোড়াই নাকা চেকিং পয়েন্টে একটি ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় ছটি মহিষ। মহিষগুলি পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় ট্রাকের চালক ও তার সহকারীকে গ্রেপ্তার করা হয়। বাজেয়াপ্ত করা হয় ট্রাক সহ মহিষগুলিকে। পুলিশ সূত্রে জানা গেছে মহিষ গুলি পাচারের উদ্দ্যেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। ধৃত চন্লক ও সহকারীর বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে সোমবার তুফানগঞ্জ মহকুমা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে সচেতনতা কর্মসূচি ফুলবাড়ির একটি বিদ্যালয়ে




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৫ মে :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে সোমবার শিলিগুড়ির ফুলবাড়িতে একটি বিদ্যালয়ে আয়োজিত হয় সচেতনতা মূলক কর্মসূচি। জানা গেছে এদিনের কর্মসুচিতে উপস্থিত পুলিশ আধিকারিকগন পড়ুয়াদের সাইবার অপরাধ,ট্রাফিক আইন,মাদকাসক্তি,পকসো আইন প্রভৃতি বিষয়ে বক্তব্যের মাধ্যমে সচেতন করেন। উপস্থিত ছিলেন পূর্ণিমা শেরপা,এ ডি সি পি,দেবাশীষ বসু এ সি পি ডিডি,সম্রাট মিত্র ইন্সপেক্টর ইন চার্জ সাইবার থানা, লেডি এস আই সুনন্দা সোনার। পুলিশ সূত্রে জানানো হয় এই কর্মসূচির উদ্দ্যেশ্য তরুন পড়ুয়াদের সমাজ সচেতন,দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে উৎসাহিত করা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |